

ডেফার্ড ট্যাক্স বিষয়ে শেয়ারহোল্ডারগণের জ্ঞাতব্যঃ

পরিচালকবৃন্দের প্রতিবেদন পেশ করার সময় সাধারণ শেয়ারহোল্ডারদের নিকট ডেফার্ড ট্যাক্সের ঘাটতির বিষয়টি বিস্তারিত ভাবে উপস্থাপনের জন্য এসইসির নির্দেশনা ছিল। উপরোক্ত নির্দেশনার আলোকে নিম্নলিখিত বিষয়টি শেয়ারহোল্ডারদের অবহিত করা হয় :

”আপনাদের সদয় অবগতির জন্য জানাচ্ছি যে, হিসাব অনুযায়ী আমাদের ডেফার্ড ট্যাক্সের খাতে ১২.৭৪৬ কোটির স্হলে আমরা এ যাবৎ ২.৫০ কোটি টাকা সংস্থান করতে সমর্থ হয়েছি। বিষয়টি আমাদের অডিটরগণ কোয়ালিটেটিভ আইটেম হিসাবে উল্লেখ করেছেন। আপনাদের অবগতির জন্য উল্লেখ করতে চাই যে, সরকার গত বছর হতে ” অপারেটিং লিজ হিসাবের ”(Operating Lease Accounting) পরিবর্তে ”আর্থিক লিজ হিসাব”(Finance Lease Accounting) ব্যবস্থা অনুসরণ করে আর্থিক বিবরণী তৈরি করতে নির্দেশ দিয়েছে। সে কারণে ভবিষ্যতে অতিরিক্ত Deferred Tax প্রভিশন করার আর প্রয়োজন হবে না। যেহেতু আমাদের কোম্পানী ক্রমোন্নয়নের ধারা অব্যাহত রেখেছে এবং অতিরিক্ত Deferred Tax প্রভিশনের প্রয়োজন হবে না, সেহেতু আমরা আশা করি যতটুকু ঘাটতি আছে তা ৪ থেকে ৫ বছরের মধ্যে পূরণ করতে সমর্থ হব ইনশা-আল্লাহ”।

শেয়ারহোল্ডারগণ Deferred Tax সংক্রান্ত সভাপতি মহোদয় প্রদত্ত ব্যাখ্যার সাথে একমত পোষণ করেন এবং এখাতে ঘাটতি পূরণের পরিকল্পনা সমর্থন করেন।